দৈনিক সংবাদ

তারিখ ... 6 JUL 1996

পৃষ্ঠা ২ কলাম ২

# বৈষম্যহীন গণতান্ত্রিক শিক্ষা ব্যবস্থার দাবি জানিয়েছে শিক্ষক সমিতি

বাংলাদেশ শিক্ষক সমিতি দেশে একটি বিজ্ঞানভিত্তিক বৈষম্যহীন গণতান্ত্রিক শিক্ষা ব্যবস্থা কায়েমের জন্যে বর্তমান সরকারের কাছে আহ্বান জানিয়েছে। এ লক্ষ্যে ডঃ কুদরত-ই খুদা শিক্ষা কমিশনের রিপোর্টের আলোকে বর্তমান পরিস্থিতির প্রেক্ষাপটে মুক্তিযুদ্ধের চেতনায় বিশ্বাসী শিক্ষক সংগঠনসমূহের প্রতিনিধিসহ, বিশিষ্ট শিক্ষাবিদদের সমন্বয়ে একটি শিক্ষা কমিশন গঠন করার আহ্বান জানানো হয়।

গতকাল শুক্রবার শিক্ষক সমিতির কেন্দ্রীয় কার্যনির্বাহী পরিষদের এক সভায় নেতৃবৃন্দ এ আহ্বান জানান।

অধ্যক্ষ কামরুজ্জামানের সভাপতিত্বে গতকাল কে এল জুবলী স্কুল ও কলেজ মিলনায়তনে এ সভা অনুষ্ঠিত হয়। সভায় বলা হয়, ১৯৯৮ সালের এস এস সি পরীক্ষার্থীদের জন্যে যে পাঠ্যক্রম, পাঠ্যসূচি ও পাঠ্যবই চালু করা হয়েছে তাতে বৈজ্ঞানিক অবাস্তব।

সভায় '৯২ ও '৯৪-এর শিক্ষক আন্দোলনের পরিপ্রেক্ষিতে ১৫ দফা দাবির অবাস্তবায়িত ধারাসমূহ বাস্তবায়ন এবং আসন্ন জাতীয় বাজেটে শিক্ষাখাতে সর্বোচ্চ বরাদ্দ ও সুষম বন্টনের ব্যবস্থাসহ শিক্ষক-কর্মচারীদের মূল বেতন শতকরা ৮০ ভাগ থেকে বৃদ্ধি করে একশ' ভাগ করার দাবি করা হয়। খবর সংবাদ বিজ্ঞপ্তির।